

৩৩ ওয়ার্ড



নোটিশ

বিষয় : ওয়ার্ড লেভেল কো-অর্ডিনেশন কমিটির (অক্টোবর-ডিসেম্বর/২২) চলতি সাধারণ সভার আয়োজন প্রসঙ্গে।

এতদ্বারা আপনার অবগতির জন্য জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের অধীন জাইকা সাহায্যপুষ্ট “সিটি গভার্নেন্স প্রজেক্ট” (সিজিপি) প্রকল্পের আওতায় গঠিত গাজীপুর সিটি কর্পোরেশনের ওয়ার্ড লেভেল কো-অর্ডিনেশন কমিটির আপনি একজন সম্মানিত সদস্য। সেই লক্ষ্যে আগামী ১০/১১/২২ ইং তারিখ রোজ বৃহস্পতিবার সকাল ১০:০০ ঘটিকায় আমার (কাউন্সিলর) অফিসে ওয়ার্ড লেভেল কো-অর্ডিনেশন কমিটির চলতি সাধারণ সভার আয়োজন করা হয়েছে।

উক্ত সভায় উপস্থিত থেকে আপনার স্বাধীন মতামত প্রদান করে উল্লিখিত কমিটিকে আরও শক্তিশালী ও কার্যকর ভূমিকা রাখতে বিশেষ ভাবে অনুরোধ করা হলো।

ধন্যবাদান্তে

১০/১১/২২
কাউন্সিলর ও কমিটির চেয়ারম্যান মোঃ মিজানুর রহমান
আলহাজ্ব মোঃ মিজানুর রহমান
৩৩ নং ওয়ার্ড, অঞ্চল-০৩
গাজীপুর সিটি কর্পোরেশন।

অর্ডিনেশন কমিটির (অক্টোবর-ডিসেম্বর/২২) চলতি সাধারণ সভায় উপস্থিত সদস্য ও সদস্য সচিবের স্বাক্ষর লিপিবদ্ধ করা হলো।

সভার তারিখ : ১০/১১/২০২২ ইং।

ক্রমিক নং	সম্মানিত সদস্যদের নাম	পদবী	স্বাক্ষর
০১	আলহাজ্ব মোঃ মিজানুর রহমান	চেয়ারম্যান	
০২	রুহন নেছা রুনা	কো- চেয়ারম্যান	
০৩	মোঃ মোতালেব	সদস্য	মোঃ মোতালেব
০৪	আব্দুল জলিল খন্দকার	ঐ	আব্দুল জলিল খন্দকার
০৫	মোঃ মাজেদুল ইসলাম কাজল	ঐ	KAJOL
০৬	মোঃ ফিরোজ মিয়া	ঐ	ফিরোজ মিয়া
০৭	লতিফ খান	ঐ	লতিফ
০৮	মঞ্জুরুল ইসলাম টিটু	ঐ	টিটু
০৯	মোঃ নাজিম উদ্দিন	ঐ	Nazim
১০	মোঃ ফারুক	ঐ	ফারুক
১১	মোঃ রুবেল খান	ঐ	Rubel
১২	খালেদা আক্তার কল্পনা	ঐ	খালেদা আক্তার
১৩	রুমা আক্তার	ঐ	রুমা আক্তার
১৪	শিউলী আক্তার	ঐ	
১৫	নুরুল নাহার আক্তার	সদস্য সচিব	নুরুল নাহার

৩৩ নং ওয়ার্ড লেভেল কর্ডিনেশন কমিটি (ডব্লিউ এল সি সি) এর (অক্টোবর-ডিসেম্বর/২২) চলতি

সভার কার্যবিবরণীঃ

সভাপতিঃ আলহাজ্ব মোঃ মিজানুর রহমান
কাউন্সিলর ও চেয়ারম্যান, কমিটি ৩৩ নং ওয়ার্ড,
উত্তর খাইলকুর, গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর-১৭০৪।


সভার স্থান : কাউন্সিলরের কার্যালয় কক্ষ
সভার তারিখ : ১০/১১/২০২১ ইং
সভার সময় : সকাল ১০:০০ ঘটিকা।

সভায় উপস্থিত চেয়ারম্যান, কো-চেয়ারম্যান ও অন্যান্য সদস্যবৃন্দের আলোচনা, সিদ্ধান্ত ও বাস্তবায়ন প্রসঙ্গ লিপিবদ্ধ করা হল।

সভার প্রারম্ভে কমিটির চেয়ারম্যান মহোদয় ৩৩ নং ওয়ার্ড লেভেল কর্ডিনেশন (WLCC) প্রকল্পের উদ্যোগে কার্যক্রম সচল ও গতিশীল করার লক্ষ্যে সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতপর আলোচ্য সূচীর আলোকে নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
কমিটির ১২ তম সদস্য খালেদা আক্তার কল্পনা উত্তর খাইলকুর, শহীদ সিন্দীক সড়ক হইতে ভালকারটেক মাজার হইয়া বটতলা মৈরান রোড পর্যন্ত সংযোগ সড়ক ডব্লিউ এল সি সি প্রকল্পের মাধ্যমে আর. সি. সি ড্রেন সহ রাস্তা পাকাকরনের জন্য জোড় দাবী করেন।	চেয়ারম্যান ড্রেন ও রাস্তা নিয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সাথে কথা বলবেন বলে সিদ্ধান্ত গৃহীত হয়।	
কমিটির ০৫ম সদস্য মাজেদুল ইসলাম কাজল, উত্তর খাইলকুর, হিন্দু বাড়ীর মোড় হইতে রফিক কমান্ডার এর বাড়ী হইয়া টিনের মসজিদ রোড পর্যন্ত সংযোগ সড়ক ডব্লিউ এল.সি.সি.র প্রকল্পের মাধ্যমে আর.সি.সি ড্রেন সহ রাস্তা পাকাকরন করার জন্য জোড় দাবী জানান।	চেয়ারম্যান যথাযথ কর্তৃপক্ষের বরাবরে আবেদন জানানোর সিদ্ধান্ত গৃহীত হয়।	
কমিটির ৬ষ্ঠ তম সদস্য মোঃ ফিরোজ মিয়া উত্তর খাইলকুর, পল্টন হাজী মসজিদ হইতে মাজার হইয়া বটতলা রোড পর্যন্ত রাস্তাটি ডব্লিউ এল.সি.সি প্রকল্পের মাধ্যমে আর.সি.সি ড্রেন সহ রাস্তা পাকাকরনের জন্য জোড় দাবী জানান।	চেয়ারম্যান যথাযথ কর্তৃপক্ষের সাথে আলোচনা করে অত্র ব্যাপারে দ্রুত সিদ্ধান্ত নিবেন বলে আশ্বস্ত করেন।	
কমিটির ০৯ম সদস্য মোঃ নাজিম মিয়া, উত্তর খাইলকুর ওসমান হাজীর বাড়ীর কানেকটিং রাস্তা হইতে কামারের বাড়ি হইয়া রহম আলী রোড পর্যন্ত রাস্তাটি ডব্লিউ এল.সি.সি প্রকল্পের মাধ্যমে আর.সি.সি ড্রেন সহ রাস্তা	চেয়ারম্যান ড্রেন ও রাস্তা নিয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সাথে কথা বলবেন বলে সিদ্ধান্ত গৃহীত হয়।	

আর কোন আলোচ্য সূচী না থাকায় সভায় উপস্থিত সদস্যদের পক্ষ থেকে ৩৩ নং ওয়ার্ড ডব্লিউ এল.সি.সির কমিটির চেয়ারম্যান ও কাউন্সিলর জনাব আলহাজ্ব মোঃ মিজানুর রহমানকে আন্তরিক ধন্যবাদ জানানো হয়। অদ্যকার সভায় গৃহীত সুপারিশ সম্বলিত সিদ্ধান্ত সমূহ যথাযথ কর্তৃপক্ষের বরাবরে প্রেরণ করা হবে জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


আলহাজ্ব মোঃ মিজানুর রহমান
কাউন্সিলর,
৩৩ নং ওয়ার্ড,
গাজীপুর সিটি কর্পোরেশন।